



(একই স্মারক ও তারিখের বিকল্প অনুলিপি)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ  
(ভোকেশনাল শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-১৩

তারিখ: ২৫ মার্চ, ২০২৬ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**


**বিষয়ঃ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে প্রতিটি কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা স্থাপন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২৬ সুষ্ঠু, সুন্দর, নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে গ্রহণের লক্ষ্যে কেন্দ্রের কন্ট্রোলরুম, পরীক্ষা কক্ষসহ গুরুত্বপূর্ণ সকল স্থানে সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে। সিসিটিভিতে ধারণকৃত সকল রেকর্ড প্রতি ০৭ (সাত) দিন পর পর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর ([bteb.controller@gmail.com](mailto:bteb.controller@gmail.com)) এবং ভোকেশনাল শাখার ([btebvoc.examination@gmail.com](mailto:btebvoc.examination@gmail.com)) উল্লিখিত ই-মেইলে প্রেরণ করতে হবে। যে সকল পরীক্ষা কেন্দ্রে সিসি ক্যামেরা নাই সে সকল কেন্দ্রে আগামী ১০/০৪/২০২৬ তারিখের মধ্যে সিসি ক্যামেরা স্থাপন করে বোর্ডকে অবহিত করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে সিসি ক্যামেরা স্থাপন না করলে কেন্দ্র বাতিল করা হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

কেন্দ্রসচিব  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল  
এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষার কেন্দ্র।


  
৩১/০৩/২৬  
**(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)**  
পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোন: ০২-৫৫০০৬৫২৫ (অফিস)

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩৩.২৫-১৩(৮)

তারিখ: ২৫ মার্চ, ২০২৬ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
- ৩) মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৪) সচিব/পরিচালক(কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫) আঞ্চলিক পরিচালক (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল, ময়মনসিংহ ও সিলেট অঞ্চল),  
কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৬) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
- ৮) সংশ্লিষ্ট নথি।

  
২৫.৩.২৬  
**(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)**  
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)  
ফোন: ০২-৫৫০০৬৫২৭ (অফিস)।